



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৮ -৪৩৮

তারিখ : ১০/০২/২০১৯ খ্রি.

“জরুরী বিজ্ঞপ্তি”

এনটিআরসিএ কর্তৃক পত্রিকায় গণবিজ্ঞপ্তি প্রদান করে সারাদেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান হতে শূন্যপদ/সৃষ্টপদে চাহিদার ভিত্তিতে ২৪/০১/২০১৯ তারিখে ৩৯,৩১৭ জন শিক্ষক মেধাতালিকার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করা হয়। এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের এক মাসের মধ্যে নিয়োগ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা প্রদান করা হয়। এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের যোগদানের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন বাবদ অর্থ দাবী করে তাদের যোগদানে বাধা প্রদানসহ নানাভাবে হয়রানি করার অভিযোগ পাওয়া যাচ্ছে-যা সম্পূর্ণ বিধিবিহীন। এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের নিকট থেকে কোন অর্থ দাবী করার সুযোগ নাই।

জনবল কাঠামো-২০১৮ এর ১৮.১(ঘ) অনুচ্ছেদ অনুযায়ী “প্রতিষ্ঠান কর্তৃক এনটিআরসিএ তে শিক্ষক/কর্মচারীর চাহিদা দিলে, উক্ত পদে এনটিআরসিএ কর্তৃক নির্বাচিত/মনোনীত শিক্ষক/কর্মচারীকে নিয়োগ দিতে হবে। প্যাটার্ন অতিরিক্ত চাহিদা দিলে উক্ত শিক্ষক/কর্মচারীর শতভাগ বেতন-ভাতা প্রতিষ্ঠান থেকে নির্বাহ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে প্রতিষ্ঠান প্রধানের বেতন-ভাতা স্থগিত/বাতিল করা হবে এবং পরিচালনা কমিটির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে”।

এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের নিকট থেকে কোন অর্থ দাবী করাসহ যোগদানের ক্ষেত্রে কোন হয়রানি করার অভিযোগ প্রমাণিত হলে জনবল কাঠামো-২০১৮ এর ১৮.১(ঘ) অনুচ্ছেদ অনুযায়ী প্রতিষ্ঠান প্রধানের বেতন-ভাতা স্থগিত/বাতিল করা হবে এবং পরিচালনা কমিটির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২০.০২.১৯

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক(কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭।

ই-মেইল : ncollege@dshe.gov.bd